

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
বাজেট শাখা  
[www.hsd.gov.bd](http://www.hsd.gov.bd)



স্মারক নং-৪৫.১৩৯.০২০.০০.০০.০৩৭.২০১৪/৮৬৭


তারিখঃ ২৮-১০-২০২০খ্রিঃ

বিষয়ঃ স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন পরিচালন (রাজস্ব) বাজেটের অধীন পরিচালিত বার্ষিক ক্রয় পরিকল্পনা (গুডস, ওয়ার্কস ও সার্ভিস) অনুমোদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন বার্ষিক ক্রয় পরিকল্পনা (গুডস, ওয়ার্কস ও সার্ভিস) পিপিএ, ২০০৬ এর ধারা ১১ এবং পিপিআর, ২০০৮ এর বিধি ১৬(৭) অনুযায়ী ক্রয়কারী কার্যালয় প্রধান (Head of the Procuring Entity-HOPE) বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা কর্তৃক অনুমোদনের বিধান রয়েছে। বার্ষিক ক্রয় পরিকল্পনা (গুডস, ওয়ার্কস ও সার্ভিস) অনুমোদনের জন্য স্বাস্থ্য সেবা বিভাগে প্রেরণ করায় পিপিএ, ২০০৬ ও পিপিআর, ২০০৮ এর বিধান অনুসৃত হচ্ছে না এবং দীর্ঘসূত্রতার সৃষ্টি হয়। ক্রয় কার্যক্রম গতিশীল এবং জবাবদিহি করার লক্ষ্যে পিপিএ, ২০০৬ এবং পিপিআর, ২০০৮ অনুযায়ী ক্রয় পরিকল্পনাসমূহ Head of the Procuring Entity- (HOPE) কর্তৃক অনুমোদন নিশ্চিত করা প্রয়োজন।

২। ক্রয়কারী কার্যালয় প্রধান (Head of the Procuring Entity) অর্থ কোন মন্ত্রণালয় বা বিভাগের সচিব, সরকারি অধিদপ্তর বা পরিদপ্তরের প্রধান বা, ক্ষেত্রমত, বিভাগীয় কমিশনার, ডেপুটি কমিশনার, জেলা জজ বা পদনাম নির্বিশেষে কোন স্থানীয় সরকার প্রতিষ্ঠান, স্বায়ত্তশাসিত বা আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা কর্পোরেশন অথবা কোম্পানী আইনের অধীন নিয়মিত কোন সংস্থার প্রধান নির্বাহী।

৩। এমতাবস্থায়, স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন পরিচালন (রাজস্ব) বাজেটের প্রণীত বার্ষিক ক্রয় পরিকল্পনা পিপিএ, ২০০৬ এর ধারা ১১ এবং পিপিআর, ২০০৮ এর বিধি ১৬(৭) অনুসরণে Head of the Procuring Entity (HOPE) হিসেবে সংশ্লিষ্ট ক্রয়কারী কার্যালয় প্রধান (অধিদপ্তর/পরিদপ্তর প্রধান) বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা কর্তৃক অনুমোদন এবং অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি স্বাস্থ্য সেবা বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
২৮.১০.২০২০  
(সুশীল কুমার পাল)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৫৯২৭

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- (১) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।
- (২) প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
- (৩) চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
- (৪) ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।
- (৫) পরিচালক, মেডিকেল কলেজ ও হাসপাতাল (সকল)-----
- (৬) পরিচালক (সকল)-----
- (৬) সিভিল সার্জন/তত্ত্বাবধায়ক (সকল)-----
- (৭) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)-----

অনুলিপি :

- ১। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)